জুলাই গণঅভ্যুত্থান যোদ্ধাদের আইনি সুরক্ষা দিতে অধ্যাদেশ অনুমোদন



সংগৃহীত ছবি

জুলাইয়ের গণঅভ্যুত্থানে অংশ নেওয়া যোদ্ধাদের আইনি সুরক্ষা নিশ্চিত করতে একটি অধ্যাদেশে অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। এতে আন্দোলনে জড়িতদের বিরুদ্ধে দায় নির্ধারণ ও মামলা সংক্রান্ত বিষয়ে সরকারের অবস্থান স্পষ্ট করা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক ব্রিফিংয়ে আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল জানান, জুলাই-আগস্টের অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের বিরুদ্ধে থাকা ফৌজদারি মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তী সরকার। পাশাপাশি এ সংক্রান্ত নতুন কোনো মামলাও দায়ের করা যাবে না বলে তিনি স্পষ্ট করেন।

সংস্কার ও গণভোট প্রসঙ্গে তিনি বলেন, গণঅভ্যুত্থানের অন্যতম বড় প্রত্যাশা হচ্ছে রাষ্ট্রীয় সংস্কার। সরকার কোনো রাজনৈতিক দলের পক্ষে নয়, বরং সংস্কারের পক্ষে অবস্থান নিয়েছে। গণভোটে জনগণ চাইলে ‘হ্যাঁ’ বা ‘না’ যেকোনো পক্ষেই মত দিতে পারবে। কেউ যদি আগের ফ্যাসিস্ট সময়ের মতো পরিস্থিতি মেনে নিতে চায়, তাহলে সেটিও জনগণের অধিকার।

এদিকে ক্রিকেটাঙ্গনের চলমান পরিস্থিতি এবং টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের অংশগ্রহণ নিয়েও সরকারের আগের অবস্থান পুনর্ব্যক্ত করেন তিনি। আইন উপদেষ্টা বলেন, বাংলাদেশের ম্যাচ যদি শ্রীলঙ্কায় আয়োজন করা হয়, তবেই সেখানে অংশ নেওয়ার বিষয়ে সরকার আগের সিদ্ধান্তে অটল থাকবে।